

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(সাধারণ ও সংস্থাপন শাখা)  
[www.superemecourt.gov.bd](http://www.superemecourt.gov.bd)

০৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

‘স্টোর কিপার’ পদে নিয়োগ পরীক্ষা, ২০২৩  
লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘স্টোর কিপার’ পদে নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর লিখিত পরীক্ষা আগামী ২৬.০৮.২০২৩ খ্রি. তারিখ রোজ, শনিবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে আগামী ২৪.০৮.২০২৩ খ্রি. তারিখে প্রকাশ করা হবে।

পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি

১. পরীক্ষার জন্য ইস্যুকৃত প্রবেশপত্র সংগে নিয়ে আসতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
২. উল্লেখ্য যে, নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর ০১/২০১৭ তারিখ ০৬/০৭/২০১৭ খ্রি. মোতাবেক দৈনিক ভোরের কাগজ এবং দৈনিক ইন্ডেক্স পত্রিকায় যথাক্রমে বিগত ০৭/০৭/২০১৭ খ্রি. এবং ০৮/০৭/২০১৭ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ইতোপূর্বে যারা আবেদনপত্র দাখিল করেছিলেন তাদের আবেদনে উল্লিখিত ঠিকানায় প্রবেশপত্র ইস্যু করা হয়েছে।
৩. লিখিত পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
৪. পরীক্ষার কেন্দ্রে বই, ব্যাগ, মোবাইল ফোন, হাতঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস বা যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী উল্লেখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. পরীক্ষার্থী কর্তৃক পরীক্ষায় কোন প্রকার অসদুপায় অবলম্বন, নির্দেশ অমান্য এবং তথ্য গোপন বা প্রতারণা প্রকাশ পেলে প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. পরীক্ষার ফলাফলসহ পরবর্তী নির্দেশনাসমূহ বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট [www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd) এবং সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
৭. পরিস্থিতি বিবেচনায় পরীক্ষায় সময় সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। লিখিত/মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাঃ/-  
(মোঃ মোয়াজ্জেম হোসাইন)  
স্পেশাল অফিসার  
ও  
সভাপতি  
‘স্টোর কিপার’ পদে  
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

স্মারক নং-  
১০/০৮/২০২৩ খ্রি.


৭৬২৭

জি/এস

তারিখ: ২০/০৬/২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩. অতিরিক্ত রেজিস্ট্রার.....(সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যালু এডেড সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং# ৩/এ, ৫/এ, ৭/এ, রোড# ১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (উল্লেখ্য যে, পরীক্ষার সময়সূচি সংক্রান্ত উপরোক্ত নোটিশটি <http://supremecourt.teletalk.com.bd> এ প্রকাশ এবং সংশ্লিষ্ট প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস পাঠানোর অনুরোধসহ)
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
৬. কোর্ট কীপার.....(সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৭. সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সুপ্রীম কোর্টের সকল নোটিশ বোর্ডে প্রচারের জন্য নির্দেশ দেয়া হলো)।
৮. অফিস কপি।



(মোঃ মোয়াজ্জেম হোসাইন)

স্পেশাল অফিসার

ও

সভাপতি

'স্টোর কীপার' পদে

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।